স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

চতুর্থ পত্র

Upanyas Ebong Chhotogolpo : EBG-4

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে উপকাহিনী গ্রন্থনের গুরুত্ব ও উপযোগিতা নির্ণয় করুন।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবের-কপিলার সম্পর্ক বিশ্লেষণ করে দেখান।

(গ) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণালের ক্রমশঃ স্বতন্ত্র নারী হয়ে ওঠার ইতিহাস বিবৃত করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) 'তারিণী মাঝি' গল্পের তারিণী মাঝি জীবনধর্মে কতটা স্বাভাবিক তা আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের অতিপ্রাকৃত উপাদান ও তার ব্যবহার সম্পর্কে আলোচনা করুন।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিয়া চরিত্রের গুরুত্ব নির্ণয় করুন।

(গ) 'সুন্দরম্' গল্পের সুকুমার চরিত্রটি বিশ্লেষণের সাহায্যে পরিস্ফুট করুন।

(ঘ) 'টোপ' গল্পের রোমাঞ্চকর পরিবেশ ও ততোধিক রোমাঞ্চকর পরিণতি লেখকের বর্ণনা অনুসারে বিবৃত করুন।

(ঙ) 'পুঁইমাচা' গল্পের সমাজ-পরিবেশ আলোচনা করুন।

(চ) 'চিকিৎসা সঙ্কট' গল্পের নন্দ কী ধরনের চরিত্র ? তাকে ঘিরে হাস্যরসের যে বাতাবরণ তা স্পষ্ট করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) রবীন্দ্রনাথের রচনায় বাংলা ছোটোগল্প কীভাবে বিষয়-বৈচিত্র্য লাভ করেছে তা কেবলমাত্র বিষয়গুলির উল্লেখ করে সংক্ষেপে লিখুন।

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের কাপালিক চরিত্রটি সংক্ষেপে আলোচনা করুন।

(গ) 'পদ্মানদীর মাঝি' কী জাতীয় উপন্যাস সংক্ষেপে বলুন।

(ঘ) 'চিকিৎসা সঙ্কট' গল্প অবলম্বনে কবিরাজী চিকিৎসার একটি বিবরণ দিন।

(ঙ) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণালের শ্বশুরবাড়ীর একটি বর্ণনা দিন।

(চ) 'পুঁইমাচা' গল্পের সহায়হরি চরিত্রটি স্পষ্ট করুন।

(ছ) 'সুন্দরম্' গল্প অবলম্বনে লেখকের দৃষ্টিতে সুন্দরের অর্থ কী, বুঝিয়ে বলুন।

(জ) 'গণেশ জননী' গল্পে গণেশের অভিমানের কারণ বিবৃত করুন।